যুগান্তর

তারিখ ... 2 DEC 2017 ...
পৃষ্ঠা ১৮ কলাম ৬

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ

# কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

চলতি শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি ৭ কলেজে ১ম বর্ষ স্নাতক (সম্মান/পাস) শ্রেণীর কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার সকালে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়। কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটে ১৬ হাজার ৯শ' আসনের বিপরীতে ভর্তিচ্ছু আবেদনকারীর সংখ্যা ছিল ২৩ হাজার ৭০৪ জন।

মোট ৯টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ভর্তি পরীক্ষার ইডেন কলেজ কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. একেএম গোলাম রব্বানী, ইডেন কলেজের অধ্যক্ষসহ কলেজ ও বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও কর্মকর্তারা তার সঙ্গে ছিলেন।

**প্রযুক্তি ইউনিটে আবেদন শুরু কাল :** চলতি শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের অন্তর্গত 'প্রযুক্তি ইউনিট'-এ ১ম বর্ষ সম্মান শ্রেণীতে অনলাইনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়া শুরু হবে আগামীকাল রোববার। আবেদন প্রক্রিয়া শেষ হবে ২৩ ডিসেম্বর শনিবার। ভর্তি পরীক্ষা আগামী ৫ জানুয়ারি সকাল ১০টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http://admission.eis.du.ac.bd) জানা যাবে।